Co-Chairpersons:
Sultana Kamal, Elsa Stamatopoulou
Myrna Cunningham Kain
Members:
Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum
Yasmeen Haque, Sara Hossain,
Muhammad Zafar Iqbal, Khushi Kabir
Michael C. van Walt van Praag, Iftekharuzzaman

# Chittagong Hill Tracts Commission

বরাবর
মহাপরিচালক
বর্ডার গার্ড বাংলাদেশ
পিলখানা, নিউমার্কেট
ঢাকা

১১ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: বান্দরবানের লামায় তিন বিজিবি সদস্যের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ ও নিরপেক্ষ তদন্তের দাবি প্রসঙ্গে।

জনাব,
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক আন্তর্জাতিক কমিশনের পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করবেন।

আপনি ইতিমধ্যে নিশ্চয় জেনেছেন যে, দুই ত্রিপুরা কিশোরীকে ডেকে নিয়ে ধর্ষণের অভিযোগে বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ির ১১ বিজিবির অধীনস্থ লামার বনপুর ত্রিশ ডেবা বিওপি ক্যাম্পের দুই বিজিবি সদস্য সৈনিক মারুফ ও সৈনিক সুমনের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগে লামা থানায় মামলা করা হয়েছে। মামলা নং : ০৫, তারিখ: ২৩/০৮/২০১৮, ধারা- নারী ও শিশু নির্যাতন দমন আইনের ৯(১)/৩০। মামলার এজাহারে বিজিবি নায়েক রবিউল ও স্থানীয় জনেরুং ত্রিপুরার বিরুদ্ধে ধর্ষণে সহায়তা করার অভিযোগও আনা হয়।

বান্দরবানের পুলিশ সুপার জাকির হোসের মজুমদার সংবাদ মাধ্যমের কাছে বলেছেন- বিজিবি কর্মকর্তা, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে ভিকটিম দুই কিশোরীকে জিজ্ঞাসাবাদ করা হলে তারা সুনির্দিষ্টভাবে তিন বিজিবি সদস্যের মধ্যে একজন (নায়েক রবিউল) পাহারায় ছিলেন, অন্য দুজন ধর্ষণ করেছে বলে সরাসরি অভিযোগ করেন (সূত্র: http://parbattanews.com/tag/)।

পার্বত্য চট্টগ্রামে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত বিজিবি সদস্যদের বিরুদ্ধে নারী ধর্ষণ ও নিগ্রহের ঘটনা পূর্বেও অভিযোগ পাওয়া গেছে। যাদের ওপর সীমান্তরক্ষা, সাধারণ জনগণ ও নারীর নিরাপত্তা নিশ্চিত করার কথা তাদের দ্বারাই যদি নারী ও শিশুরা নিরাপদ না থাকে তাহলে রাষ্ট্রের এ সুপরিচিত সংস্থার সুনাম স্বাভাবিকভাবে ক্ষুণ্ন হবে এতে কোন সন্দেহ নেই। তাই পার্বত্য চট্টগ্রাম কমিশন আপনার কাছে জোরালোভাবে এ দাবি জানাচ্ছে- যাদের বিরুদ্ধে সুনির্দিষ্টভাবে ধর্ষণের অভিযোগ এসেছে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের মাধ্যমে তাদের বিরুদ্ধে দ্রুত বিভাগীয় মামলা অথবা প্রচলিত আইনের দ্বারা শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হোক। কেননা অপরাধী যেই হোক না কেন আইন সবার জন্য সমানভাবে প্রযোজ্য হবে।

ধন্যবাদসহ,

| | | |
|---|---|---|
| সুলতানা কামাল | এলসা স্টামাতোপৌলৌ | মির্না কানিংহাম কেইন |
| কো-চেয়ারপার্সন | কো-চেয়ারপার্সন | কো-চেয়ারপার্সন |

সদস্য: ড. স্বপন আদনান, লারস এন্ডারস বেয়ার, টোনা ব্লাই, হার্স্ট হেনাম, ড. ইয়াসমিন হক, ড. জাফর ইকবাল, ব্যারিস্টার সারা হোসেন, খুশী কবির, মাইকেল সি ভন ওয়াল্ট প্রাগ, ড. ইফতেখারুজ্জামান, ড. বীণা ডি'কস্টা।

উপদেষ্টা: ইয়েনেকি এরেঞ্জ, টম এস্কিলসন, ড. মেঘনা গুহঠাকুরতা।

International Secretariat:
C/O IWGIA, Classensgade 11E, 2100 Copenhagen, Denmark
Phone: +45 35 27 05 00, Fax: +45 35 27 05 06
E-mail: cn@iwgia.org
Phone: +88 02 91 46 048, E-mail: chtcomm@gmail.com
www.chtcommission.org